

ডিজিটাল সেবা বিদেশ গমনেচ্ছু কর্মীদের দোরগোড়ায় পৌঁছে দিতে হবে

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান প্রতিমন্ত্রী ইমরান আহমদ, এমপি

ঢাকা- ১৯ জুন, ২০১৯

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন, সব ধরনের ডিজিটাল সেবা বিদেশ গমনেচ্ছু কর্মীদের দোরগোড়ায় পৌঁছে দিতে হবে। বৈদেশিক কর্মসংস্থানের ক্ষেত্রে সঠিক তথ্য জানাতে ইউনিয়ন ডিজিটাল সেন্টারকে সম্পৃক্ত করতে হবে। তা না হলে ডিজিটাল উদ্যোগ সফল হবে না। মধ্যসত্ত্বভোগীদের দৌরাাত্র্য কমাতে জনগণকে সচেতন করতে হবে।

প্রতিমন্ত্রী ইমরান আহমদ এমপি বলেন, দায়িত্বশীল অভিবাসন নিশ্চিত করতে বিদেশ গমনেচ্ছুদের জন্য একটি অত্যাধুনিক ডাটা বাংক করা হচ্ছে। যার মাধ্যমে রেজিস্ট্রেশনকৃত কর্মীরা স্বল্প ব্যয়ে নিরাপদে বৈদেশিক কর্মসংস্থানের সুযোগ পাবে।

আজ সকাল ১১.০০ টায় মন্ত্রণালয়ের সভাকক্ষে জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরোর মহাপরিচালক মোঃ সেলিম রেজার সভাপতিত্বে বিদেশ গমনেচ্ছু কর্মীদের ডাটা ব্যাংক তৈরি ও দৈবচয়ন পদ্ধতিতে কর্মী নির্বাচন সংক্রান্ত রেজিস্ট্রেশন কার্যক্রমটি পরীক্ষামূলকভাবে উদ্বোধনকালে এসব কথা বলেন।

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের সচিব রৌনক জাহান বলেন, কাজের উদ্দেশ্যে বিদেশে গমন প্রক্রিয়া সহজতর করতেই বিদেশ গমনেচ্ছু কর্মীদের রেজিস্ট্রেশনের মাধ্যমে এই ডাটা ব্যাংক করার উদ্যোগ গ্রহণ করা হয়েছে।

এসময় ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডের মহাপরিচালক গাজী মোহাম্মদ জুলহাস এনডিসি, মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব ড. আহমেদ মুনিরুছ সালেহীন, যুগ্মসচিব মোঃ ফজলুল করিম, যুগ্মসচিব মোঃ শহিদুল আলম, এনডিসি, বুয়েটের অধ্যাপক লুৎফুল কবীর উপস্থিত ছিলেন।

